লিপি
পোর্ট ব্লেয়ার • মঙ্গলবার, ৯ জানুয়ারি ২০১৮
Port Blair • Tuesday • January 9, 2018
Arthik Lipi, Page 2

প্রতিবারের মতো এবারও জমে উঠেছে নিউব্যারাকপুর পুষ্পমেলা

নিজস্ব সংবাদদাতা, নিউব্যারাকপুর : জমে উঠেছে নিউবারাকপুর পুষ্পমেলা। নিউব্যারাকপুর পুরসভা পরিচালক উত্তর ২৪ পরগনা জেলার মধ্যে অন্যতম উল্লেখযোগ্য এই পুষ্পমেলা এবারে ২২ তম বর্ষে পা রেখেছে। এই পুষ্পমেলাকে ঘিরে এবছর উল্লেখযোগ্যভাবে নিউ ব্যারাকপুরের শহিদ সরণিতে প্রায় আধ কিলোমিটার রাস্তা জুড়ে আলপনা দেওয়া হয়। নানা রঙের তুলির টানে কালো পিচঢালা পথকে রঙিন করে তোলা হয় এই আলপনার মাধ্যমে। গত শনিবার বিকালে পুষ্পমেলার উদ্বোধন করেন এলাকার সাংসদ সৌগত রায়। তারপর থেকেই এই মেলা প্রাঙ্গণে প্রতিদিনই উপচে পড়ছে দর্শনার্থীদের ভিড়। এই পুষ্পমেলা প্রসঙ্গে নববারাকপুর পুরপ্রধান তৃপ্তি মজুমদার জানান, নবব্যারাকপুরের বুকে এই পুষ্পমেলা বরবারই চলে আসছে। এই মেলা শুধু পুষ্প প্রদর্শনী নয়, এই মেলার কটা দিন মেলা প্রাঙ্গন কার্যত হয়ে ওঠে সাধারণ মানুষের মিলন ক্ষেত্র। ফুল দেখা, গান শোনা সহ নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আবহে মানুষ খুশিতে মেতে ওঠেন এই মেলা প্রাঙ্গনে এসে। নিউ বারাকপুর পুরসভার তরফ থেকে মেলাকে সর্বাঙ্গিন সুন্দর করতে সর্বতোভাবে সবসময়ই সচেষ্টা। মেলার অন্যতম পৃষ্ঠপোষক নিউব্যারাকপুর টাউন তৃণমূলের সভাপতি সুখেন মজুমদার এই মেলাকে আগামী দিনে যাতে আরও বড় করা যায় সেই বিষয়ে সচেষ্ট থাকবেন বলে জানান। এই পুষ্পমেলায় নানা ধরনের ফুল, ফল ও বনসাইয়ের সম্ভার রাখা হয়। প্রায় দুই হাজারেরও উপর নানারকম ফল, ফুল ক্যাকটাস ও বনসাইয়ের গাছে মেলা প্রাঙ্গণকে ভরে তোলা হয়। এই মেলায় পুষ্প প্রদর্শনীর পাশাপাশি রয়েছে প্রতিদিন নান ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান। তবে এবছর এই মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠানের থেকেও ফুলের বাহার দর্শকদের বেশি আকর্ষণ করছে। রকমারি প্রজাতির ফুল আর নানা গাছে সমৃদ্ধ মেলা প্রাঙ্গন রীতিমতো টেক্কা দিয়েছে এই মেলার সাংস্কৃতিক মঞ্চকে। প্রায়দিনই ফুল মেলা দেখার আকর্ষণে দূরদূরান্ত থেকে দর্শকরা এসে ভিড় জমাচ্ছেন এই পুষ্পমেলায়। আজ ৯ জানুয়ারি পর্যন্ত চলবে এই মেলা।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	1	9						
5		2	3		1	9	6	
3				9	6			
	6		9					7
2					7		5	
			4	1				6
	7	3	6		5	2		9
						3	1	

গতকালের সমাধান

3	8	9	7	6	4	2	1	5
4	2	1	5	9	8	3	6	7
6	5	7	3	2	1	8	4	9
2	1	5	4	3	6	9	7	8
7	3	6	9	8	2	4	5	1
8	9	4	1	5	7	6	2	3
9	7	8	6	4	5	1	3	2
5	4	2	8	1	3	7	9	6
1	6	3	2	7	9	5	8	4

আবহাওয়া

পূর্বাভাস: মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৩ ডিগ্রি ও ৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৩ ডিগ্রি ও ৮.৫ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৫৮ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৮, **সূর্যাস্ত:** ঘ ৫।০৮ **জোয়ার**:সকাল : ৬:২৫। **ভাঁটা**: দুপুর : ২:০৩।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

-সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	63.3482
INR / 1 Euro	:	76.1509
INR / 100 Jap. YEN	:	55.9500
INR /1 Pound Sterling	:	85.8875

শেয়ারসূচক

BSE	34,352.79 ▲	(+198.94)
NIFTY	10,623.60 ▲	(+64.75)

শব্দলিপি- ১০৭৯

১	২		৩	■	৪		৫
■		■		■		■	
৬				■		■	
	■	■	৭	৮			
৯		১০			■	■	
	■		■	১১		১২	
	■		■		■		■
১৩			■	১৪			

মীরা কোঙার

পাশাপাশি ঃ ১। প্রসিদ্ধ ৪। মনে জাত কামদেব ৬। হাঁটুগেড়ে বসা এমন ৭। স্বামী ও পত্নীর পিতামহ বা মাতামহ ৯। রবিবার ১১। ভণ্ডুল ১৩। দৃষ্টি ১৪। অভিনেতাশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ

উপরনীচ ঃ ২। গম্ভীর শব্দে ধ্বনিত ৩। অনুগত ব্যক্তি ৪। মহাপৃথিবী ৫। পরজন্মে বিশ্বাসীমত ৬। শহর স্থাপন ৮। স্ত্রী পরিত্যাগ ১০। কর্মকুশল ১২। যথার্থ

সমাধান ঃ শব্দলিপি - ১০৭৮

পাশাপাশি ঃ ১। আধিপত্য ৩। দলমা ৬। মসুরিকা ৮। সাগরবেলা ১০। দলাইলামা ১২। রবরবা ১৪। রানার ১৫। আনচান

উপরনীচ ঃ ১। আরবসাগর ২। পরিবার ৪। লহরি ৫। রামলালা ৭। কালিমালেপন ৯। বেদবাক্য ১১। ইরাবান ১৩। বন্দনা

পুরোহিত সম্মেলনের আয়োজন অনুব্রতর

নিজস্ব সংবাদদাতা, বীরভূম : বীরভূমের ডাকবাংলো মাঠে ব্রাহ্মণ সম্মেলনের আয়োজন অনুব্রত মণ্ডলের। সম্মেলনে এসেছেন জেলার বহু পুরোহিত। সূত্রের খবর, তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশেই এই সম্মেলনের আয়োজন করা হয়েছে বীরভূমের হাঁসন বিধানসভা কেন্দ্রের কংগ্রেস বিধায়ক মিলটন রসিদ। তিনি কিছুদিন আগেই বিধানসভায় চিঠি পাঠিয়ে পুরোহিতদের ভাতা দেওয়ার আবেদন জানান। চিঠিটি মুখ্যমন্ত্রীর কাছে বিবেচনার জন্য পাঠানো হয়। সূত্রের খবর, মুখ্যমন্ত্রী এবিষয়ে ভাবনা চিন্তাও শুরু করেছেন। এরপর রামপুরহাট শহরে পুরোহিতদের সম্মেলন হয়। সেই সম্মেলনে ডাকা হয় রসিদকে। সিদ্ধান্ত হয়, বীরভূমে পুরোহিতদের জেলা কমিটি সম্মেলনের প্রধান অতিথি হবেন রসিদ। সেই খবর ছড়িয়ে পড়ে। তাই পুরোহিতদের একাংশ তৃণমূল থেকে দূরে সরতে শুরু করে। অনেকেই কংগ্রেসের দিকে ঝুঁকেছিলেন। আর তা রুখতেই বীরভূম ডাকবাংলো মাঠে ব্রাহ্মণ সম্মেলন আয়োজনের সিদ্ধান্ত নেয় তৃণমূল নেতৃত্ব। রাজনৈতিক মহলের বক্তব্য তেমনই।

ভাগ্যলিপি

মেষ
আপনি আজ সাফল্য পাবেন। কাজে গতি আসবে ব্যবসায়ীদের ক্ষেত্রে আজদিনটি শুভ।

বৃষ
দুপুরে পরে সাফল্য পাবেন। যোগাযোগের ক্ষেত্রে উন্নতি ঘটবে।

মিথুন
দেখে শুনে সিদ্ধান্ত গ্রহণ করুন, এগিয়ে চলার পক্ষে দিনটি শুভ।

কর্কট
সহকর্মীদের সঙ্গে আজ সমস্যার সমাধান হবে। মতবিরোধ কাটিয়ে এগিয়ে চলার চেষ্টা করুন।

সিংহ
সাফল্য পাবেন, কর্মস্থলে আপনার শ্রীবৃদ্ধি ঘটবে, সবমিলেয়ে আজকের দিনটি অত্যন্ত শুভ।

কন্যা
কর্মস্থলে সাফল্য পাবেন। পেশাগত ক্ষেত্রে যুক্ত ব্যক্তিরা লাভবান হবেন। সন্ধ্যার পরে আপনার ভালোবাসার মানুষ কাছে পাবে।

তুলা
সামাজিক ক্ষেত্রে সাফল্যলাভের সম্ভাবনা। ব্যবসায়ীদের ক্ষেত্রে দিনটি শুভ।

বৃশ্চিক
যে পরিকল্পনা আপনি করছিলেন। তা সফল হওয়ার সম্ভাবনা রয়েছে।

ধনু
একটা স্পর্শকাতর দিন আজ। এগিয়ে চলার চেষ্টা করুন। সাফল্য পাবেন।

মকর
একদম ভালদিন নয়। ব্যবসায়ে ক্ষতির সম্ভাবনা। গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আজ না নেওয়াই ভালে।

কুম্ভ
সাফল্য আসবে। এগিয়ে চেষ্টা করুন। তবে অপ্রত্যাশিত কিছু পেতে পারেন।

মীন
সাফল্য আসবে আজ। ব্যবসায়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে পারেন।

এবার দত্তপুকুরে আক্রান্ত পুলিশ

নিজস্ব সংবাদদাতা, দত্তপুকুর : ফের আক্রান্ত পুলিশ। শ্যামপুর, দিনহাটা, এবার দত্তপুকুর। পুলিশের উপর হামলা বাড়ছে দিনকে দিন।

কখনও পুলিশকে টেবিলের নিচে লুকোতে হচ্ছে, আবার কখনও মার খেতে হচ্ছে দুষ্কৃতীদের হাতে। পাথর ছোড়া হচ্ছে পুলিশকে তাক করে। আবার কেউ বলছে, চামড়া তুলে দেব। তবে, এসব পশ্চিবঙ্গ পুলিশের কাছে নতুন কিছু নয়। এর আগেও শোনা গেছে এরকম কথা। কেউ বলেছে, পুলিশকে বোমা মারুন।

আমি বলছি, পুলিশকে বোম মারুন। এই 'আমিটা' পুলিশ প্রতিষ্ঠানের থেকেও বড় নিশ্চয়ই না হলে এত বড় কথা বলা যায় কী? তার চেয়েও বড় কথা, এরপরেও কোনও সমস্যা হয়নি 'দুষ্টু ছেলের'। রবিবার রাতে ঘটনার শুরু হলেও সোমবার সকালে বড় আকার নেয়। দত্তপুকুর স্টেশনে শুরু হয় অবরোধ।

ঘটনাস্থলে এলে পুলিশকে লক্ষ্য করে ইট মারতে শুরু করে এক গোষ্ঠীর লোকজন। আহত হয়েছেন বেশ কয়েকজন পুলিশকর্মী। আহত হন বেশ কয়েকজন স্থানীয় বাসিন্দাও। জানা গেছে, দত্তপুকুর নাকসা এলাকার এক গোষ্ঠী চাকলায় পিকনিক করতে গিয়েছিল। ফেরার পথে তারস্বরে ডিজে বাজাচ্ছিল গ্রামের ভিতরে। রাতের বেলা ডিজে বন্ধ করতে বলে অপর এক গোষ্ঠীর লোকজন। শুরু হয় হাতাহাতি। গাড়ির চালক সহ বেশ কয়েকজনকে মারধর করা হয়। আক্রান্ত মহিলারাও। রাস্তায় ফেলে মারধর করা হয়। এর প্রতিবাদে সোমবার থেকে দত্তপুকুর স্টেশন চত্বরে বিক্ষোভ দেখানো শুরু করে আক্রান্তরা। সোমবার সকাল ১০টা থেকে রেল অবরোধ শুরু হয়। বন্ধ হয়ে যায় আপ ও ডাউন লাইনে ট্রেন চলাচল। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ। ততক্ষণে অবশ্য পরিস্থিতি চলে গেছে হাতের বাইরে। খণ্ডযুদ্ধ শুরু হয় পুলিশ ও বিক্ষোভকারীদের। একদিক থেকে উড়ে আসে ইট। আহত হন বেশ কয়েকজন পুলিশকর্মী। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পাল্টা কাঁদানে গ্যাস ছোঁড়ে পুলিশ। প্রায় দু'ঘন্টা পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। ট্রেন চলাচল ও স্বাভাবিক হয়। ঘটনা প্রসঙ্গে, এক পুলিশ আধিকারিক বলেন, আইনশৃঙ্খলার অবনতি হয়েছিল। এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে। আমাদের কেউ আক্রান্ত হয়নি। সবাই ঠিক আছেন। স্থানীয়দের অবশ্য বক্তব্য, পরিস্থিতি মোটেও স্বাভাবিক নয়। এলাকায় ভালোই উত্তেজনা আছে। ৫ জানুয়ারি রাতে হাওড়ার শ্যামপুরে এক দুষ্কৃতীর খোঁজে গিয়ে আক্রান্ত হয় পুলিশ। গুরুতর আহত হন শ্যামপুর থানার ওসি সুমন দাস। দ্বিতীয় ঘটনাটি ঘটে রবিবার রাতে।

দিনহাটার শালমারায়। জুয়ার ঠেকে অভিযান চালাতে গিয়ে আক্রান্ত হন পাঁচ পুলিশকর্মী। গুরুতর আহত অবস্থায় ওই পাঁচ পুলিশকর্মী দিনহাটা মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। তাঁদের মধ্যে দু'জনের অবস্থা আশঙ্কাজনক।

নিঃশব্দে মনোনয়নপত্র জমা দিলেন কংগ্রেস প্রার্থী

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : সোমবার হাওড়ার উলুবেড়িয়া লোকসভা কেন্দ্রে উপনির্বাচনে কংগ্রেস প্রার্থী মোদস্সর হোসেন ওয়ারসি নিজের মনোনয়নপত্র জমা দিলেন। মোট কথা কয়েকজন সমর্থকদের সঙ্গে নিয়ে তিনি নিঃশব্দে জমা দিলেন নিজের মনয়নপত্র। আসন্ন উলুবেড়িয়া লোকসভা কেন্দ্রের উপনির্বাচনে কংগ্রেসের তরুণ প্রার্থী চেঙ্গাইলের সমাজকর্মী মোদাস্সর হোসেন ওয়ারসি ইতিমধ্যেই গত রবিবার নিজের কেন্দ্রে প্রচার অভিযানে নেমেছিলেন। রাহুলগান্ধিকে সামনে রেখে ১৩৩ বছরের কংগ্রেসের সুদীর্ঘ ইতিহাসকে তুলে ধরেন। তিনি এদিন ডিএম বাংলোয় এসে নিজের মনোনয়নপত্র জমা দেন।

মঞ্জু-ইস্যুতে উত্তাল রাজ্য রাজনীতি

নিজস্ব সংবাদদাতা, নিউবারাকপুর : মঞ্জু-ইস্যুতে উত্তাল রাজ্য রাজনীতি। প্রার্থী ঘোষণা করে দেওয়ার পরও মঞ্জুর 'পালটি-তে ঢোঁক গিলতে বাধ্য হচ্ছে বিজেপি। নেতৃত্বের অভিযোগ, তৃণমূল নেতাদের চাপের কাছে নতিস্বীকার করেছেন মঞ্জু। যদিও অভিযোগ উড়িয়ে দিলেন উত্তর ২৪ পরগনা জেলা তৃণমূল সভাপতি জ্যোতিপ্রিয় মল্লিক। সোমবার তিনি বলেন, বিজেপির অভিযোগ মিথ্যা। মিথ্যার উপর যে লোকটি দাঁড়িয়ে থাকে তাঁর নাম মুকুল রায়। প্রতিদিন একটা করে অসত্য অভিযোগ নিয়ে আসছেন। বিশ্ববাংলা থেকে শুরু করলেন। সেখানে সপাটে ঝাড় খেলেন। সোমবার বারাকপুর প্রশাসনিক ভবনে এসেছিলেন জ্যোতিপ্রিয়। সেখানে থেকে বেরিয়ে সাংবাদিকদের মুখোমুখি হন। প্রশ্ন করা হয়, মঞ্জু বসুকে নিয়ে বিজেপির ভুল বোঝাবুঝি হয়েছে কি? জবাবে জ্যোতিপ্রিয় বলেন, ভুল বোঝাবুঝির কোনও ব্যাপার নয়। খেলতে গিয়েছিলেন। দিলীপ ঘোষের সঙ্গে খেলা। ওদের দলীয় কোন্দল। সেই খেলার পরাস্ত হয়েছেন মুকুল রায়। দিলীপ ঘোষ একজন প্রার্থীর কথা বলেছেন। আর মুকুল অন্যজনকে প্রার্থী করার চেষ্টা করলেন। এরা তো কংগ্রেসকেও ছাড়িয়ে গেছে। আগে কংগ্রেস শেষদিন নমিনেশন জমা দিত। এরা তো এখন থেকে টালবাহানা করছে।

আমরা তো ভাবছি বিজেপি চতুর্থ হয় কি না। এরপর পঞ্চায়েত নির্বাচনে মুকুল রায় পরাস্ত হবেন। আর সবশেষে মুকুল রায়কে কাঁচরাপাড়ার বাড়ির তিনতলায় তুলে দেব। রাস্তায় পাবলিক দেখবেন।

কয়েকদিন ধরেই নোয়াপাড়া বিধানসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী হিসেবে মঞ্জু বসুর নাম নিয়ে জল্পনা চলছিল। রবিরার বিজেপির কেন্দ্রীয় নির্বাচন কমিটির সম্পাদক জেপি নাড্ডা প্রেস বিবৃতি দিয়ে জানান, ওই কেন্দ্রের উপনির্বাচনের দলের প্রার্থী হচ্ছেন মঞ্জু বসু। পরে সাংবাদিক বৈঠক ডাকেন বিজেপির অভিযোগ, তৃণমূলের চাপের মুখে নতিস্বীকার করেছেন মঞ্জু। অভিযোগ উড়িয়ে দিচ্ছে তৃণমূল নেতৃত্ব।

ইয়ং অ্যাথলেটিক ক্লাবের সরস্বতী পুজোর প্রস্তুতি চলছে জোরকদমে



নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বই, খাতা, পেন নিয়ে এক হাতে ছুটে বেড়ানো। বাবা-মা আর পুরোহিতের হাত ধরে চুপটি করে বসে যাওয়া। তারপর স্লেট পেনসিলে অ আ লেখা। সবকিছুর শেষে সরস্বতী পুজোর কুপন হাতে স্কুলের দিকে একছুট। কচিকাঁচা বাঙালির সরস্বতী পুজো বলতে এই ছবিই ফুটে ওঠে। সময় বদলেছে।কালের পরিবর্তনে আধুনিকতার রূপ পেয়েছে সরস্বতী পুজোয়, ছোট ছোট হারু শ্যামল, সৌরভ আর রূপমরা এখন স্লেট পেনসিলের পাট চুকিয়ে বড় হওয়ার লড়াইয়ে মেতে, উঠেছে। কিন্তু বদলায়নি সরস্বতী পুজোর সেই বৈচিত্র, বদলায়নি তাদের উদ্যোগে। হাওড়ার ধাড়সার ইয়ং এ্যাথলেটিক ক্লাব দায়িত্ব নিয়ে প্রতিবছরের মতো এবছরও তারা মেতে উঠেছে বীণাপানি বন্দনায়। ২১ জানুয়ারি তাদের পুজোর উদ্বোধন। পাঁচদিন ধরে চলবে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। ক্লাব সদস্য হারু রায়, শ্যামল মুখার্জী, সৌরভ সাহা ও রূপম দত্ত জানান, আমাদের নিজেদের ক্লাব বলে কিছু নেই। বছরের সারাটা সময় নিজেদের কাজ নিয়ে ব্যস্ত থাকি। কিন্তু সরস্বতী পুজো এলেই পাঁচমাথা এক হয়ে যায়। পাপাই, বুবাই, সাগর, বিট্টু ও বাসিন্দারাও উঠে পড়ে লেগে যায়। হাওড়ার ধাড়সার অধিবাসীরা তাই সরস্বতী পুজোয় সকলে এসে এই পুজোয় মেতে ওঠে। এই পুজোর সাংস্কৃতিক অনুষ্ঠানও দৃষ্টিনন্দন আলোকসজ্জায় কেটে যায় পাঁচটি দিন।

বয়স্কদের ও দুঃস্থদের বস্ত্র ও কম্বল বিতরণ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বাজি ফাটিয়ে কিংবা পার্টি করে না। ২৫ ডিসেম্বর আর ২ জানুয়ারি তাঁদের কেটেছে ওই মিষ্টি সোনা আর দাদু-ঠাকুমাদের সঙ্গে আদরে আহ্লাদে। কলেজ স্টুডেন্ট-এর সাহায্যে তারা জোগার করেছেন অনেক শীতের জামা, গরমের জামা যা হয়তো শুধু শুধু পরে থাকে সুটকেসে। ২৫ ডিসেম্বর স্বেচ্ছাসেবী সংস্থা 'আশার আলো' পরিবার সকলের পাশে থাকার অঙ্গিকার নিয়ে চলে যায় বারাসতে সান্তার ঝুলি নিয়ে। এই সংগঠনের সম্পাদিকা দিশা চক্রবর্তী জানান, ওদের মুখের চওড়া হাসি দেখে, ওদের ভালোবাসা পেয়ে প্রায় ৭০ জন বাচ্চাদের দেওয়া হয় কেক, চকলেট, খেলনা, সান্তাটুপি। সেইদিনটা আমাদের 'আশার আলো' পরিবারের সব থেকে ভালে বড়দিন কাটে। মন কেমন করে ওদের থেকে বিদায় নেওয়ার সময়। কিন্তু না আমরা তো ওদের বন্ধু তাই কান্না না, হাসি আর টাটা দিয়ে আসি, আর বলি আবার আসবো ফিরে। দিশাদেবী আরও জানান, ২ জানুয়ারি ১৫০ জনের বেশি মানুষ কে দেওয়া হয় কম্বল, সোয়েটার হাওড়ার আন্দুল রাজগঞ্জ এলাকায়। অনেক আনন্দ আর ভালোবাসায় ভরে যায় আমাদের নতুন বছরের শুরুর সময়টা। দাদু, ঠাকুমাদের ফোকলা মুখের হাসিতে আর আশীর্বাদে আমরা আপ্লুত। এইভাবেই 'আশার আলো' সবার পাশে আছে, থাকবে সারা জীবন। তাঁর মতে এইভাবেই পাশে থাকুন সবাই আর আশীর্বাদ করুন। আমরা যাতে এইভাবেই পাশে থাকতে পারি সবার।

জগদীশপুর থেকে গ্রেফতার করা হল ৭জন অভিযুক্তকে

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : শ্যামপুর থানার ওসি আক্রমণের ঘটনায় রবিবার গভীর রাতে ঢোলার জগদীশপুর থেকে গ্রেফতার করা হল ৭জন অভিযুক্তকে। অভিযুক্তরা হল বাবর মুন্সী, গরহান মুন্সী, রিঙ্কু মুন্সী, ইব্রাহিম মুন্সী, রমজান মুন্সী, আনারুল লাস্কর এবং আনোয়ার। ঘটনার পর পরই ছ'জন অভিযুক্ত ঢোলা থানার জগদীশপুরে আনোয়ারের বাড়ি লুকিয়ে ছিল। হাওড়ার শ্যামপুর থানার পুলিশ এবং ঢোলা হাট থানা একযোগে অভিযান চালিয়ে অভিযুক্তদের গ্রেফতার করে নিয়ে যায়। শ্যামপুর থানার ওসি সহ অন্যরা আপাতত বিপদ মুক্ত।

ক্লিয়ারিং এজেন্টদের কর্মবিরতিতে পেট্রাপোল সীমান্তে আমদানি-রফতানি বাণিজ্য বন্ধ

নিজস্ব সংবাদদাতা, পেট্রাপোল : ক্লিয়ারিং এজেন্টদের কর্মীবিরতির ফলে সোমবার গোটা দিন বন্ধ থাকল ভারত বাংলাদেশের মধ্যে আমদানি রফতানি বাণিজ্য। রফতানি পণ্যের খরচ বেড়ে যাওয়ার জন্যই এদিন কর্মবিরতিতে শামিল হয়েছেন পেট্রোপোল সীমান্তের ক্লিয়ারিং এজেন্টরা। তাদের এদিনের কর্মবিরতির ফলে সীমান্ত এলাকায় সার দিয়ে দাঁড়িয়ে থাকে পণ্যবাহী ট্রাক। দুই দেশের আমদানি রফতানি বন্ধের ফলে কয়েক কোটি টাকার ক্ষতি হয়েছে রাজস্বের। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শুল্ক দফতরের কর জমা দেওয়া নিয়ে সমস্যার কারণেই এদিন সকাল থেকে পেট্রাপোল সীমান্ত দিয়ে দাঁড়িয়ে থাকে ট্রাক। ক্ষতি হয়েছে রাজস্বেরও। সূত্রের খবর, ২০১৭ সাল থেকে কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী সমস্ত আমদানি-রফতানির কর শুল্ক অন লাইনের মাধ্যমে জমা দিতে হবে। চাল, ডাল সহ নানাবিধ পণ্যের শুল্ক নানা রকমভাবে দিয়ে আসছিল ক্লিয়ারিং এজেন্টরা। সীমান্তের ক্লিয়ারিং ফরওয়ার্ডিং ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সম্পাদক কার্তিক চক্রবর্তী জানান, এমনিতেই জিএসটির জন্য মালিকপক্ষের খরচ বেশি হচ্ছে। তার উপর নানা ওজুহাতে শুল্ক দফতর অতিরিক্ত অর্থের দাবি করে। এর পরেও সমস্যা হয়ে দাঁড়ায় মাল চেকিংয়ের সময়। শুল্ক দফতরকে আবার আলাদা করে অর্থ দিতে হয় এর জন্য। বাড়তি অর্থ না দিলে নানা প্রকার হয়রানি হতে হয় তাদের ডিটেনশানের সময়ও লম্বা হয়। বেড়ে যায় খরচ। তখন মালিকপক্ষের সঙ্গে বাড়তি খরচ নিয়ে সমস্যার সৃষ্টি হচ্ছে ক্লিয়ারিং এজেন্টদের। তিনি জানান, কিছু কিছু সময় খরচা দুই গুণ থেকে তিন গুণ বেশি হয়ে যায়।

শুল্ক দফতরের বিরুদ্ধে এই ধরনের কাজের প্রতিবাদ জানিয়ে সোমবার বন্ধ করে রাখা হয়েছিল আমদানি রফতানির কাজ। ক্লিয়ারিং এজেন্টদের বক্তব্য এই সমস্যার সমাধান না হলে আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলনে সামিল হবেন তাঁরা।

মোটরবাইক দুর্ঘটনায় মৃত দুই

নিজস্ব সংবাদদাতা, সোনারপুর : মোটরবাইক ও ট্রাকের সংঘর্ষে মৃত্যু হল ২ বাইক আরোহীর। রবিবার রাতে ঘটনাটি ঘটেছে সোনারপুর থানার মিলনপল্লীর কাছে। ট্রাক সহ চালককে আটক করে সোনারপুর থানার পুলিশ। মৃত দুই বাইক আরোহীর নাম বিনয় নস্কর (৩৬) ও বাপ্পা দাস (২৩)। রবিবার রাতে বিনয় নস্কর ও বাপ্পা দাস বাইকে করে সোনারপুর থেকে কামালগাজির দিকে যাচ্ছিল। সেই সময় উল্টো দিক থেকে আসা একটি চাল বোঝাই ট্রাকের সঙ্গে তাদের মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই দুই বাইক আরোহীর। পুলিশ মৃতদেহ দু'টি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। ঘটনার তদন্ত শুরু করেছে সোনারপুর থানার পুলিশ।

CHANGE OF NAME
I, JOYDEEP MUKHERJEE, S/O. LATE DEBI PRASAD MUKHERJEE, RESIDENT OF POST OFFICE PARA, P.S.-KULTI, PIN-713343, DIST. PASHCHIM BARDHAMAN, DECLARE THAT IN AM THE PROPRIETOR OF S.D. TELEVISION NETWORK IT'S REGISTERED ADDRESS AT 1(83/1) SARADAPALLY, COURT MORE, ASANSOL. NOW ITS NEW OFFICE AT 146(47/A), KOHINOOR VILLA, RABINDRA SARANI, COURT MORE, BURNPUR ROAD, ASANSOL-713304. AS PER AFFIDAVIT EXECUTIVE MAGISTRATE AT ASANSOL ON 28 JULY, 2017.

CHANGE OF NAME
I PREVIOUSLY CALLED ALLAUDDIN MIYAN S/O LT. MD. YASIN R/O 55, GARDNER LANE KOLKATA-700014, I HAVE CHANGED MY NAME AS MD. ALAUDDIN (NEW NAME) BY A NOTARY AFFIDAVIT KOL-ON 4-1-18